# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 2nd Term Examination

**Sub:** BENGALI GRAMMER & COMP. **Class:** 8A/8B/8C/8D **F. M.** 80

**Duration:** 2 HOURS 30 MINUTES **Date:** 03.08.2018

## বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ- (১x৫=৫)

১.১ ধাতু মূলত কয় প্রকার ?

(ক) তিন (খ) চার

(গ) পাঁচ (ঘ) ছয়

১.২ শিশুরা আনন্দে হাততালি দিচ্ছিল।' 'শিশুরা' হল —

(ক) প্রথম পুরুষ (খ) মধ্যম পুরুষ

(গ) উত্তম পুরুষ (ঘ) কোনোটিই নয়

১.৩ বাংলায় ব্যবহৃত সংস্কৃত উপসর্গের সংখ্যা হল —

(ক) তিরিশ (খ) কুড়ি

(গ) পাঁচিশ (ঘ) দশ

১.৪ বাংলা ব্যাকরণে সমাস কয় প্রকার ?

(ক) চার (খ) পাঁচ

(গ) ছয় (ঘ) সাত

১.৫ বিভক্তি কয় প্রকার ?

(ক) দুই (খ) তিন

(গ) চার (ঘ) পাঁচ

২। **প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ-** (১x১০=১০)

২.১ 'বিধবা' শব্দটির পুংলিঙ্গবাচক শব্দটি লেখো।

২.২ আমাদের সেনাবাহিনী সবসময় লড়াইয়ে দক্ষ। 'সেনাবাহিনী' কোন্ বচন ?

২.৩ ছেলেটি খুব ভয় পেয়েছিল। 'ছেলেটি' কোন্ পুরুষ ?

২.৪ শীতে কনকনাচ্ছি। 'কনকনাচ্ছি' কোন্ ধাতু ?

২.৫ 'ছেলেটা খুব ঘুম ঘুমিয়েছে।' 'ঘুম' শব্দটি কোন্ কর্মপদ।

২.৬ 'সময় চলিয়া যায় নদীর স্রোতের প্রায়।' 'চলিয়া' কোন্ ক্রিয়াপদ ?

২.৭ আমি কথাটা বলে থাকব। 'বলে থাকব' কোন্ কাল ?

২.৮ রাস্তায় বেপরোয়াভাবে গাড়ি চলছে। এই বাক্যের উপসর্গ নির্ণয় কর।

২.৯ 'বীণা পানিতে যার' - বাক্যটিতে সমস্যমান পদ কোন্‌গুলি ?

২.১০ ব্যাসবাক্যের আরেক নাম কি ?

## বিভাগ - খ

৩। **প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ-** **(২x৫=১০)**

৩.১ 'সমাস' শব্দের অর্থ কি? সংযোগমূলক সমাস কোন্‌টি? (১+১)

৩.২ প্রতি' উপসর্গ দিয়ে একটি বাক্য এবং 'থেকে' অনুসর্গ দিয়ে একটি বাক্য তৈরী কর। (১+১)

৩.৩ কর্মের দিক থেকে ক্রিয়াপদ কয়প্রকার ও কি কি? (১+১)

৩.৪ 'আপনি' শব্দের বহুবচনের রূপ কি? তা দিয়ে একটি বাক্য রচনা করো। (১+১)

৩.৫ 'শিব' শব্দের স্ত্রী লিঙ্গ কি হবে? তা দিয়ে একটি বাক্য রচনা করো। (১+১)

৪। **প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) ঃ-** **(৩x৫=১৫)**

৪.১ নিত্য স্ত্রীলিঙ্গ কাদের বলে? উদাহরণ দাও। (২+১)

৪.২ পদাশ্রিত নির্দেশক কাকে বলে? উদাহরণ দাও। (২+১)

৪.৩ দুবার সর্বনাম পদ ও দুবার বিশেষণ পদ বসিয়ে বাক্যে দুটি উদাহরণ দাও। (৩)

৪.৪ প্রযোজক ধাতু কাকে বলে? এই ধাতুর আর এক নাম কি? (২+১)

৪.৫ তিনটি বিদেশী উপসর্গ দিয়ে তিনটি শব্দ তৈরী করে তা তিনটি বাক্যে প্রয়োগ করো। (৩)

৪.৬ 'গৃহ', 'নারী', 'আকাশ' - শব্দের একটি করে সমার্থক শব্দ লিখে সেগুলি দিয়ে বাক্য তৈরী কর। (৩)

৪.৭ 'বিলাত ফেরত' শব্দটির ব্যাসবাক্য করো এবং এর সমস্ত পদটি দিয়ে একটি বাক্য লেখো। (৩)

## বিভাগ - গ

৫। **প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ-** **(২x৫=১০)**

৪.১ সন্ধি ও সমাসের দুটি করে পার্থক্য লেখো। (২)

৪.২ সমাস কাকে বলে? দ্বন্দ্ব সমাসের শব্দে দুটি উদাহরণ দাও। (২)

৪.৩ তৎপুরুষ সমাস কাকে বলে? উদাহরণ দাও। (১+১)

৪.৪ উপসর্গ ও অনুসর্গের দুটি করে পার্থক্য লেখো। (২)

৪.৫ পুরুষ কাকে বলে? মধ্যম পুরুষ ও উত্তম পুরুষের একটি করে উদাহরণ দাও। (১+১)

৬। **চিঠি লেখো (যে কোনো একটি) ঃ-** **(১x১৪=১৪)**

(ক) দুর্গাপূজার চাঁদার জুলুম নিয়ে অতিষ্ট হয়ে এর প্রতিকারের জন্য সংবাদপত্র সম্পাদকের কাছে একটি চিঠি লেখো।

(খ) তোমার পাড়ায় বৃষ্টির জমা জলে জনজীবন বিপর্যস্ত, এর প্রতিকারের আবেদন জানিয়ে স্থানীয় কাউন্সিলরের কাছে একটি চিঠি লেখো।

৭। **যে কোনো একটি প্রবন্ধ রচনা করো (৩০০ শব্দে) ঃ-** **(১x১৬=১৬)**

(ক) বিশ্বকাপ ফুটবল — ২০১৮

(খ) জল সংকট — আগামী দিনের সমস্যা

***************

Amit Kundu
04/08/2018

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 2nd Term Examination (Model Answer)

**Sub:** BENGALI GRAMMER & COMP. **Class:** 8A/8B/8C/8D **F. M.** 80

**Duration:** 2 HOURS 30 MINUTES **Date:** 03.08.2018

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ- (১x৫=৫)

১.১ ধাতু মূলত কয় প্রকার?

(ক) তিন

১.২ শিশুরা আনন্দে হাততালি দিচ্ছিল।' 'শিশুরা' হল —

(ক) প্রথম পুরুষ

১.৩ বাংলায় ব্যবহৃত সংস্কৃত উপসর্গের সংখ্যা হল —

(খ) কুড়ি

১.৪ বাংলা ব্যাকরণে সমাস কয় প্রকার?

(খ) পাঁচ

১.৫ বিভক্তি কয় প্রকার?

(ক) দুই

২। প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ- (১x১০=১০)

২.১ বিধবা — বিপত্নীক।

২.২ সেনাবাহিনী — বহুবচন।

২.৩ ছেলেটি — প্রথম পুরুষ।

২.৪ 'কনকনাচ্ছি' — ধ্বন্যাত্মক ধাতু।

২.৫ 'ঘুম' — মুখ্য কর্মপদ।

২.৬ 'চলিয়া' — অসমাপিকা ক্রিয়াপদ।

২.৭ 'বলে থাকব' — পুরাঘটিত ভবিষ্যৎ।

২.৮ 'বে' — হল উপসর্গ।

২.৯ 'বীণা' এবং 'পাণি' হল সমস্যমান পদ।

২.১০ ব্যাসবাক্যের আরেক নাম — বিগ্রহ বাক্য / সমাসবাক্য।

### বিভাগ - খ

৩। প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (২x৫=১০)

৩.১ সংক্ষেপ। দ্বন্দ্ব সমাস।

৩.২
- কাল থেকে স্কুলে ছেলেদের বসে আঁকো প্রতিযোগিতা শুরু হবে।
- গাছ থেকে আম পড়ল।

৩.৩ দুই। অকর্মক ও সকর্মক।

৩.৪ আপনারা। আপনারা কোথা থেকে আসছেন?

৩.৫ শিবানী। আমার কাকিমা শিবানী মাতার ভক্ত।

৪। প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) ঃ- (৩x৫=১৫)

৪.১ বাংলায় কতগুলি শব্দ সবসময় স্ত্রীলিঙ্গ বাচক হয়। যেমন — বিধবা।

৪.২ 'টি', 'টা', 'খানা', 'খানি' ইত্যাদি দ্বারা বস্তুর আকার ও প্রকৃতি সম্বন্ধে যে ইঙ্গিত দেওয়া হয় যা বিশেষ্যের সঙ্গে বা সংখ্যাবাচক বিশেষণের সঙ্গে যুক্ত হয়ে বস্তুর গুণ বা প্রকৃতি নির্দেশ করে, তাকে পদাশ্রিত নির্দেশক বলে। যেমন — এই বইটি আমার।

৪.৩
- কে কে এখন মাঠে খেলতে যাবে? (সর্বনামপদ)
- লাল লাল ফুলগুলো দেখতে খুব সুন্দর। (বিশেষণ পদ)

৪.৪ কর্তা নিজে কাজ না করে যখন অন্যকে দিয়ে কাজ করায়। নিজন্ত ধাতু।

৪.৫
- বদ্ - বদনাম - রমেনবাবুর ছোটছেলের জন্য পাড়ায় খুব বদনাম আছে।
- হেড - হেডমাষ্টার — আমাদের স্কুলের হেডমাস্টার খুব ভালো মানুষ।
- মিনি - মিনিবাস — আমি মিনিবাসে করে বাড়ি ফিরি।

৪.৬ গৃহ - কাল আমার আলয়ে আপনার নিমন্ত্রণ রইল।
নারী - রমণীটি যথেষ্ট শিক্ষিতা।
আকাশ - গগণে গরজে মেঘ ঘন বরষা।

৪.৭
- বিলাত ফেরত — বিলাত হইতে ফেরত।
- আমার মামা বিলাত ফেরত ডাক্তার।

## বিভাগ - গ

৫। প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ- (২x৫=১০)

৫.১ 'ভাষা বিচিত্রা' গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৫৯) দ্রষ্টব্য।

৫.২
- পারস্পরিক অর্থ সম্বন্ধযুক্ত দুই বা ততোধিক পদের একপদী হওয়াকে সমাস বলে।
- দম্পতি — জায়া ও পতি
- হাট বাজার — হাট ও বাজার

৪.৩ 'ভাষা বিচিত্রা' গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৬২) দ্রষ্টব্য।

৪.৪ 'ভাষা বিচিত্রা' গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৫৫) দ্রষ্টব্য।

৪.৫ 'ভাষা বিচিত্রা' গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (২৫-২৭) দ্রষ্টব্য।

৬। চিঠি লেখো (যে কোনো একটি) ঃ- **(১x১৪=১৪)**

- চিঠির বিন্যাস যথাযথভাবে করতে হবে।
- চিঠির শেষে একটি স্ট্যাম্পসহ খাম আঁকতে হবে।
- চিঠির বিষয় যথাযথ হওয়া জরুরী।

৭। যে কোনো একটি প্রবন্ধ রচনা করো (৩০০ শব্দে) ঃ- **(১x১৬=১৬)**

- ভূমিকা ও উপসংহারসহ উল্লেখিত বিষয় যথাযথভাবে লিখতে হবে।
- অনুচ্ছেদে বিভাজন থাকবে।

***************